MAR 25

ভোরের কাগজ

পৃষ্ঠা ... কলাম ...

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট

# ছাত্রদল সভাপতিসহ ৩ ক্যাডার গ্রেপ্তার

কুষ্টিয়া প্রতিনিধি : ইসলামী বিশ্ববিদ্যালয়ের ছাত্রদল সভাপতির গ্রেপ্তারকে কেন্দ্র করে গতকাল শনিবার ছাত্রলীগ ও ছাত্রদলের মধ্যে সংঘর্ষে ১৫ জন আহত হয়েছে। ছাত্রদল আজ রোববার ধর্মঘটের ডাক দিয়েছে।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের সিট বরাদ্দকে কেন্দ্র করে গত বৃহস্পতিবার ছাত্রদল হল প্রভোস্টের কার্যালয় ভাঙচুর ও বঙ্গবন্ধুর প্রতিকৃতি ছিড়ে ফেলে। এ ঘটনায় ঐদিন রাতেই পুলিশ ইবি ছাত্রদল সভাপতি সাইফুল ইসলামকে গ্রেপ্তার করে। এর প্রতিবাদে ছাত্রদল ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বের করে। ছাত্রলীগও ছবি ছিড়ে ফেলার প্রতিবাদে বিক্ষোভ মিছিল করে। এ সময় সমাজবিজ্ঞান অনুষদের সামনে উভয়গ্রুপের মধ্যে সংঘর্ষ শুরু হয়। বোমা ও গুলির আওয়াজ শোনা যায়। এতে ছাত্রদলের মুরাদ, মোমিন, জাহাঙ্গীর, সোহরাব, আরিফসহ ১০ জন আহত হয়। জাহাঙ্গীর ও সোহরাব ছররা গুলিবিদ্ধ হয়। তাদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। পুলিশ ৩ বহিরাগত ক্যাডারকে গ্রেপ্তার করেছে।